

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৯৬

১/ বিবিধ

আরবী

للمرأة ستران: القبر والزوج. قيل: وأيهما أفضل؟ قال: القبر  
موضوع

أخرجه الطبراني في " المعجم الكبير " (3/271/2) وفي " الصغير " (448) - الروض  
النضير) ، وابن عدي في " الكامل " (ق 115/2) واللفظ له، ومن طريقه ابن عساكر  
في " تاريخ دمشق " (14/372/1) وكذا ابن الجوزي في " الموضوعات " (3/237)  
عن خالد بن يزيد: حدثنا أبو روق الهمداني عن الضحاك عن ابن عباس مرفوعا.  
وقال ابن الجوزي: حديث موضوع على رسول الله صلى الله عليه وسلم، المتهم به  
خالد، وهو خالد ابن يزيد عن أسد القسري، قال ابن عدي: أحاديثه كلها لا يتابع عليها  
لا متنا ولا سنداً

قلت: وكذلك قال العقيلي في " الضعفاء " (2/15/424) : " لا يتابع على حديثه ". وقال  
أبو حاتم: " ليس بالقوي ". وذكر الطبراني أنه تفرد به. وفيه علة أخرى، وهي الانقطاع  
بين الضحاك - وهو ابن مزاحم - وابن عباس؛ فإنه لم يلقه؛ كما تقدم غير مرة

وقد تعقب السيوطي ابن الجوزي بأن له شاهداً من حديث علي رضي الله عنه، وما  
أظن ذلك يفيد قوة كما يأتي بيانه في الحديث التالي

১৩৯৬। নারীর জন্য দুটি বস্তুতে পর্দা রয়েছেঃ কবর এবং স্বামী। কেউ জিজ্ঞেস করল কোনটি উত্তম? তিনি বললেনঃ কবর।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ত্বারানী "আলমুজামুল কাবীর" (৩/২৭১/২) এবং "সাগীর" গ্রন্থে (৪৪৮), ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (কাফ ২/১১৫) এ ভাষাটি তারই এবং ইবনু আসাকির তার সূত্রে "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১৪/৩৭২/১), অনুরূপভাবে ইবনুল জাওযী "আলমওয়ূয়াত" গ্রন্থে (৩/২৩৭) খালেদ ইবনু ইয়াযীদ হতে, তিনি আবু রাওক হামদানী হতে, তিনি যহহাক হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনুল জাওযী বলেনঃ হাদীসটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি বানানো হয়েছে। খালেদ এ দোষে দোষী। তিনি হচ্ছেন খালেদ ইবনু ইয়াযীদ ইবনে আসাদ কাসরী।

ইবনু আদী বলেনঃ তার সব হাদীসেরই ভাষা এবং সনদের মুতাবা'য়াত করা যাবে না।

আমি (আলবানী) বলছিঃ অনুরূপ কথা ওকায়লীও "আয-যুয়াফা" গ্রন্থে (২/১৫/৪২৪) বলেছেনঃ তার হাদীসের মুতাবা'য়াত করা যাবে না। আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন।

ত্বারানী উল্লেখ করেছেন যে, তিনি এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। এ হাদীসের সনদে আরেকটি সমস্যা রয়েছে। সেটি হচ্ছে ইবনু আব্বাস (রাঃ) এবং যহহাক ইবনু মাযাহিমের মধ্যে সনদে বিচ্ছিন্নতা। কারণ যহহাকের ইবনু আব্বাস (রাঃ)-এর সাথে সাক্ষাৎ ঘটেনি। যেমনটি এ সম্পর্কে একাধিকবার আলোচনা করা হয়েছে।

সুযুতী ইবনুল জাওযীর সমালোচনা করে বলেছেনঃ আলী (রাঃ) হতে বর্ণিত হাদীস থেকে এটির শাহেদ রয়েছে। কিন্তু সেটি এ হাদীসটির কোন শক্তি বৃদ্ধি করবে বলে আমি ধারণা করছি না। সেটি নিম্নের হাদীসটিঃ (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=72275>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন